



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৮.১৮

তারিখ: ২১ চৈত্র ১৪২৭

০৪ এপ্রিল ২০২১

বিষয়: এপিএ'র নতুন কাঠামো এবং নির্দেশিকা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের এপিএ প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল সরকারি অফিসের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র একটি নতুন কাঠামো প্রণয়ন করা হয়েছে। নতুন কাঠামোতে আনীত পরিবর্তনসমূহের একটি বিবরণ এসাথে সংযুক্ত করা হলো। নতুন কাঠামোটি ২০২১-২২ অর্থবছরের এপিএ প্রণয়নের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২। নতুন কাঠামো অনুযায়ী এপিএ প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের বিস্তারিত বিবরণসহ একটি নির্দেশিকাও মন্ত্রিপরিষদ বিভাগ প্রস্তুত করেছে। নির্দেশিকাটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (www.cabinet.gov.bd) আপলোড করা হয়েছে। এছাড়াও নির্দেশিকাটির বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগের এপিএ টিম, ফোকাল পয়েন্ট, সিস্টেম এনালিস্টসহ এপিএ টিমের সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩। বর্ণিতাবস্থায়, এপিএ'র নতুন কাঠামো ও নির্দেশিকা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের এপিএ যথাযথভাবে প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক. নিজ মন্ত্রণালয়/বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের সকল অফিসে (বিভাগ/জেলা/উপজেলা ও আঞ্চলিক পর্যায়) নতুন কাঠামো ও নির্দেশিকা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের এপিএ প্রণয়ন নিশ্চিত করতে হবে;

খ. শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্নেন্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রতিটি কর্মপরিকল্পনা বাস্তবায়নে সমন্বয়ের দায়িত্ব পৃথক পৃথক কর্মকর্তাকে প্রদান করা যেতে পারে। এসকল কর্মকর্তাগণ সকলেই এপিএ টিমের সদস্য হবেন;

গ. এপিএ বাস্তবায়ন কার্যক্রম সার্বিক সমন্বয় ও মন্ত্রিপরিষদ বিভাগে রিপোর্টিং এর সুবিধার্থে একটি শাখা/অধিশাখাকে এপিএ কার্যক্রমের সার্বিক সমন্বয়ের দায়িত্ব প্রদান করা যেতে পারে।

৪-৪-২০২১

মোঃ শামীমুর রহমান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪১০৫০১১১

ফ্যাক্স: ৯৫১৩৩০২

সিনিয়র সচিব/সচিব (সকল)


ইমেইল: pmpc_sec@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৮.১৮/১(৪)

তারিখ: ২১ জুলাই ১৪২৭
০৪ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) একান্ত সচিব, সচিব এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ



৪-৪-২০২১

মোঃ শামীমুর রহমান
সিনিয়র সহকারী সচিব